গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ কামাল হোসেন<br>পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম |
| সভার তারিখ | ১২/০৩/২০২৫ খ্রি.। |
| সভার সময় | বেলা ১১:০০ ঘটিকা। |
| স্থান | সভাপতির কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’। |

**আলোচ্য সূচী:**

১। ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর আলোকে ইনোভেশন টিমের ২০২৪-২০২৫ অর্থবছরের ইনোভেশন আইডিয়া বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা।
২। বিবিধ।

**আলোচনা**

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর আলোকে ইনোভেশন টিমের ২০২৪-২০২৫ অর্থবছরের সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করতে সদস্য সচিব জনাব রিয়াদুল ইসলাম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) কে আহবান জানান।

০১। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব রিয়াদুল ইসলাম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাকে জানান, জিএসবি’র সিটিজেন চার্টারভুক্ত ন্যূনতম একটি সেবা সহজিকরন/ ডিজিটাইজেশনের মাধ্যমে অথবা অফিস ব্যবস্থাপনা সহজিকরন/ ডিজিটাইজেশনের মাধ্যমে আগামী ১৬/০৩/২০২৫ তারিখের মধ্যে বাস্তবায়নের জন্য ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এ লক্ষ্যমাত্রা  দেয়া আছে। সে মোতাবেক, জিএসবি'র সকল শাখা/উপশাখা/ প্রকল্প/ সেলে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ হতে উদ্ভাবনী প্রস্তাব আহবান করে গত ১২/০৮/২০২৪ তারিখে বিজ্ঞপ্তি/ নোটিশ জারি করা হয়েছিল। সে নোটিশের প্রেক্ষিতে দূর অনুধাবন ও জিআইএস শাখা হতে মাত্র ০১ (এক)টি উদ্ভাবনী প্রস্তাব পাওয়া যায়। কমিটির সিধান্ত অনুযায়ী উদ্ভাবনী প্রস্তাব প্রেরণের সময় বৃদ্ধি করে গত ০৪/০৯/২০২৪ তারিখে পুনঃ বিজ্ঞপ্তি/ নোটিশ জারি করা হয়। তাতেও নতুন করে আর কোন উদ্ভাবনী প্রস্তাব পাওয়া যায়নি।

০২। সভাপতি বলেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রমের কর্মসম্পাদন সূচক “[১.১.১] সেবা/অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত” অনুযায়ী পূর্ণ কর্মসম্পাদন সূচক প্রাপ্তির জন্য ১৬/০৩/২০২৫ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হত। তবে ৫ আগস্ট পরবর্তী নানা ধরনের দাপ্তরিক ও প্রশাসনিক জটিলটা, একের অধিক আইডিয়া না পাওয়া এবং আইডিয়া প্রাপ্তিতে বিলম্বের কারণে এ বছরের সেবা সহজিকরণ উদ্যোগটি বাস্তবায়নে কিছুটা বিলম্ব হবে। তিনি আরও বলেন, দূর অনুধাবন ও জিআইএস শাখা হতে প্রাপ্ত

আইডিয়াটি যদি জিএসবি’র জন্য গুরুত্বপূর্ণ হয় তবে তা বাস্তবায়নের জন্য বিবেচনা করা যেতে পারে।

০৩। জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) সভাকে বলেন, দূর অনুধাবন ও জিআইএস শাখা হতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগটির শিরোনাম ‘ডিজিটাল ম্যাপ সেবা’। এর মাধ্যমে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)’র দূর অনুধাবন ও জিআইএস শাখার অধীন রক্ষিত শতাব্দী থেকে দশক প্রাচীন অতি গুরুত্বপূর্ণ টপোশিট ও এরিয়াল ফটোগ্রাফসগুলো নষ্ট হয়ে যাওয়ার হাত থেকে বাঁচাতে ডিজিটাল ফরম্যাটে নেয়া হবে। এছাড়াও একটি সিস্টেম (সফটওয়্যার) ডেভেলপ করা হবে যাতে ডিজিটাল ফরম্যাটে নেয়া প্রয়োজনীয় এসকল মানচিত্র সন্নিবেশিত থাকবে। এ রিসোর্সসমূহ জিএসবি’র Network-attached storage (NAS) সার্ভারে সংরক্ষিত থাকবে এবং এ সার্ভারের সাথে সংযুক্ত যেকোন ব্যবহারকারী যেকোন জায়গা থেকে প্রয়োজন অনুযায়ী অনুসন্ধান এবং অনুমোদনসাপেক্ষে তা ব্যবহার করতে পারবে।

০৪। জনাব মোঃ আশরাফ হোসেন, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বলেন, আইডিয়াটি অত্যন্ত প্রয়োজনীয়। এই আইডিয়াটি যথাযথভাবে বাস্তবায়ন করা গেলে সহজেই প্রয়োজনীয় মানচিত্রগুলো খুঁজে পাওয়া সম্ভব হবে এবং বহিরঙ্গন কর্মসূচি/ গবেষণা কাজে সেবাটি ব্যবহার করা যাবে। তিনি আর বলেন, সফটওয়্যারটি এমনভাবে তৈরি করতে হবে যাতে ব্যবহারকারী চাহিদা প্রদানের পর মহাপরিচালক মহোদয় অনুমোদন প্রদান করবেন এবং  দূর অনুধাবন ও জিআইএস শাখা প্রধান তার পরবর্তী ধাপে ম্যাপ ডাউনলোড এর জন্য অনুমতি দিবেন। এ প্রেক্ষিতে সভাপতি বলেন, একটি নির্দিষ্ট সময়ের জন্য ডাউনলোড লিংক সরবরাহ করার মাধ্যমেও সেবাটি দেয়া যেতে পারে। সভায় উপস্থিত সকল সদস্যগণ এ আইডিয়াটি বাস্তবায়ন করা যেতে পারে মর্মে মত প্রকাশ করেন।

০৫। ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা সংক্রান্ত আলোচনায় জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) সভাকে এই মর্মে অবহিত করেন যে, GSB: Geology and Minerals of Bangladesh নামক সেবাটি বর্তমানে বন্ধ আছে। এটিকে চালু করার জন্য নতুন করে তৈরি করতে হবে। এছাড়াও Bangladesh Mineral Museum অ্যাপটি হালনাগাদ ও ওয়েব-বেসড সফটওয়্যার হিসেবে তৈরির জন্য আমাদের আগের সোর্স কোড প্রয়োজন। এবছরের আইডিয়াটি যে প্রতিষ্ঠান বাস্তবায়ন করবে তাদের দিয়ে এ দু’টি কাজও করানো যেতে পারে। সভাপতি সোর্স কোড প্রাপ্তি ও ইনোভেশন খাতে অর্থ সংকুলান সাপেক্ষে এ কাজ দুটি করানোর ব্যাপারে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | কার্যক্রম | গৃহীত সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ক) দূর অনুধাবন ও জিআইএস শাখা হতে প্রাপ্ত ‘ডিজিটাল ম্যাপ সেবা’ উদ্ভাবনী উদ্যোগটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে দ্রুত বাস্তবায়ন করতে হবে।<br>খ) দূর অনুধাবন ও জিআইএস শাখার শাখা প্রধান জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) ‘ডিজিটাল ম্যাপ সেবা’ উদ্ভাবনী উদ্যোগটির স্পেসিফিকেশন প্রদান করবেন। | |
| ০২ | [২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা | সোর্স কোড প্রাপ্তি ও ইনোভেশন খাতে অর্থ সংকুলান সাপেক্ষে GSB: Geology and Minerals of Bangladesh নামক অ্যাপটি নতুন করে তৈরি এবং Bangladesh Mineral Museum অ্যাপটি হালনাগাদ এবং ওয়েব-বেসড সফটওয়্যার হিসেবে তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ০৩ | [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত অবশিষ্ট ০২ (দুই)টি কর্মশালা আয়োজন করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | [৮.১] মাইগভ প্ল্যাটফর্মের ব্যবহার বৃদ্ধি | ১) মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে অবশিষ্ট ০১ (এক)টি কর্মশালা আয়োজন করতে হবে।<br>২) মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে জিএসবি'র ডিজিটাইজেশনযোগ্য চিহ্নিত সরকারি সেবার তালিকা প্রস্তুত করতে হবে এবং মাইগভ ড্যাশবোর্ডে অন্তর্ভুক্ত করতে হবে। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

২৩-০৩-২০২৫
মোঃ কামাল হোসেন
পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

তারিখ: ৯ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.৩০০.৫০.০০৬৩.১৯.৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
২। উপ-পরিচালক (ভূতত্ত্ব) -২, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৩। সহকারী পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩ , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৫। সহকারী পরিচালক (ড্রিলিং)-২ , ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৬। সহকারী পরিচালক (ভূপদার্থ)-৩ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৭। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

Riyadul Islam
২৩-০৩-২০২৫
রিয়াদুল ইসলাম
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,
ইনোভেশন টিম